আলমডাঙ্গায় বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১ টার দিকে উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ, হারদী হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার নাজনীন সুলতানা, কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, পৌরসভার প্যানেল মেয়র খন্দকার মতিবুল হক।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার পরিচালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুদ্দোহা, উপজেলা রিসোর সেন্টারের ইন্সট্রেক্টর জামাল হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধা ৭১ এর অগ্নি সেনা মইনুদ্দিন পারভেজ, সাবেক মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সুলতান জোয়ার্দ্দার, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আব্দুল কুদ্দুস,বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী, প্রেসক্লার সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গোলাম আউয়াল সোনালী ব্যাংকের ব্যবস্থাপক আব্দুল আউয়াল,পূবালী ব্যাংকের ব্যবস্থাপক আনোয়ার হোসেন, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ডাক্তার মঞ্জুরুল ইসলাম বেলু,

ইউপি চেয়ারম্যান মুজাহিদুর রহমান, ইউপি চেয়ারম্যান আসিদুল হক মিকা, এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, আলমডাঙ্গা একাডেমী ভারপ্রাপ্ত অধ্যক্ষ এনামুল হক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, এরশাদপুর একাডেমীর প্রধান শিক্ষক শামীম, ইসলামিক ফাউন্ডেশন এর হাফেজ ওমর ফারুক প্রমূখ।

আলমডাঙ্গায় প্রেমিকার ঘরে দেখা করতে গিয়ে প্রেমিক আটক

আলমডাঙ্গার পারদুর্গাপুরে গোপনে প্রেমিকার ঘরে ঢুকে দেখা করতে এসে স্থানীয়দের হাতে ধরা খেয়েছেন হারুনুর রশিদ (১৮) নামের এক প্রেমিক। পরে স্থানীয় জনতা ও পরিবার তাকে আটকে ঘরে তালা মেরে রাখে। পরে খবর দিলে আলমডাঙ্গা থানাপুলিশ ওই বাড়িতে পৌঁছে ছেলের পরিবারের নিকট তুলে দেয় বলে স্থানীয়রা জানান।

জানাগেছে, উপজেলার বাড়াদি ইউনিয়নের আনন্দবাস গ্রামের সানোয়ার হোসেনের ছেলে হারুনুর রশিদের সাথে পাশ্ববর্তী কুমারি ইউনিয়নের পারদুর্গাপুর গ্রামের এক স্কুলপড়ুয়া মেয়ের সাথে ফেসবুকে প্রেম-সম্পর্ক গড়ে তোলে। প্রেমিকার পিতা মাদারিপুর চাকুরি সুবাদে তারা সেখানে বসবাস করে। গত ৩-৪ দিন পূর্বে ওই স্কুলছাত্রী দাদার বাড়িতে বেড়াতে আসে। এসুযোগে প্রেমিকা তার প্রেমিক হারুনুর রশিদকে তার শোবার ঘরে আসতে বলে। গতকাল শনিবার রাত ১০ টার দিকে গোপনে ওই প্রেমিক তার ঘরে ঢুকলে স্কুলছাত্রীর পরিবারের লোকজন দেখে ফেলে। সে দৌঁড়ে পালানোর চেষ্টা করলে স্থানীয়রা ধাওয়া করে হারুনুর রশিদকে আটক করে। পরে তাকে ঘরের মধ্যে তালাবন্ধ করে রাখে। খবর পেলে ঘটনাস্থলে পৌঁছে আলমডাঙ্গা থানার এসআই দেবাশিষ, এসআই আশিক ওই প্রেমিক হারুনুর রশিদককে উদ্ধার করে।

বাড়াদি ইউনিয়নের আনন্দবাস গ্রামের ইউপি সদস্য শরিফুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়েছি। দুই পরিবারের আপস-মিমাংসের

মাধ্যমে দুজনে তার স্ব-স্ব পরিবারের নিকট তুলে দেওয়া হয়েছে।

আলমডাঙ্গাতে নারীর রহস্যজনক মৃত্যু

আলমডাঙ্গায় আম গাছের ডালের সঙ্গে ঝুলন্ত অবস্থায় হাসি খাতুন (৩০) নামে এক গৃহবধূর রহস্যজনক মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার ভোরে উপজেলার আসাননগর গ্রাম থেকে ওই গৃহবধূর মরদেহ উদ্ধার করা হয়।বিকেলে মরদেহটি ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়।

নিহত হাসি খাতুন উপজেলার কালিদাসপুর ইউনিয়নের আসাননগর কারিগরপাড়ার আবুল কাশেমের স্ত্রী।

স্থানীয়রা জানান, নিহত গৃহবধূ দীর্ঘদিন যাবৎ শারীরিক ও মানসিক রোগে আক্রান্ত ছিলেন। তাকে বিভিন্ন চিকিৎসকের নিকট স্বাস্থ্য পরিক্ষা করা হলেও রোগ নির্ণয় করতে পারিনি। এরই সূত্রে সে শুক্রবার দিবাগত রাতে নিজ বাড়ির সামনে আম গাছে রশি জড়িয়ে আত্নহত্যা করেছে।

খবর পেয়ে পুলিশ আজ শুক্রবার বিকেলে লাশ উদ্ধার করে পোস্টমোর্টামের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়।

নাম না প্রকাশে অনেকেই জানায় আজ শুক্রবার ভোরে গ্রামের লোকজন জানতে পারে হাসি খাতুন গলায় দড়ি দিয়েছে কিন্তু তাকে কেও গাছের সাথে ঝুলন্ত অবস্থায় দেখেনি। এমনকি থানা পুলিশকেও অবহিত করেনি সাথে সাথে। তাই এই মৃত্যু নিয়ে রহস্য সৃষ্টি হয়েছে এলাকায়। অনেকেই আবার বলছে মেরে ফেলে গাছে ঝুলিয়ে রেখেছে।

এ বিষয়ে আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ বলেন, আত্মহত্যার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল। পুলিশ লাশের সুরতাল রিপোর্ট সংগ্রহ করেছে। ময়নাতদন্তের জন্য লাশ চুয়াডাঙ্গা মর্গে পাঠানো হয়।

আলমডাঙ্গায় তৃণমূল বিএনপিসহ ৩ স্বতন্ত্র প্রার্থীর মনোনয়নপত্র জমা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে তৃনমুল বিএনপি সহ ৩ স্বতন্ত্র প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার সময় তৃনমুল বিএনপির প্রার্থী সাবেক সেনা সদস্য তাজুল ইসলাম তার সমর্থকদের নিয়ে রিটানিং কর্মকর্তা স্নিগ্ধা দাসের নিকট মনোনয়ন পত্র জমা দেন।

এরপর স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম সহিদুর রহমান স্ব-স্ত্রীক মনোনয়ন পত্র জমা দান করেন। এ সময় উপস্থিত ছিলেন সাবেক ব্যাংক ম্যানেজার আব্দুল জব্বার, সাবেক সেনা কর্মকর্তা আবু আব্দুলালাহ, বকুল হোসেন,বাচ্চু রহমান ,সাবেক কৃষি কর্মকর্তা আব্দুল মোতালেব খান।

এরপূূবে তিনি কর্মি সমর্থক নিয়ে ভ্যানযোগে মিছিলসহকারে উপজেলা নির্বাচন অফিস প্রাঙ্গণে আসেন। সে সময় উপস্থিত ছিলেন নজরুল ইসলাম,রাসেদুল ইসলাম,রেজাউল ইসলাম, মহিলা নেত্রী রোজিনা আক্তার,রবিউল ইসলাম,মজিরুন্নেছা,সোনিয়া আক্তার,লিজা খাতুন,তারিকুজ্জামান,সীতল আহমেদ, আকরাম হোসেন,ওমর ফারুক,গোমর আলী ওরফে নায়ক,আনছার আলী,আজগর আলী প্রমুখ। বিকেলে কেন্দ্রীয় আওয়ামীযুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার ও সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান শেখ সামসুল আবেদীন খোকন আলমডাঙ্গায় মনোনয়ন পত্র জমা দিয়েছেন। তিনি তার সমর্থকদের নিয়ে রির্টানিং কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের নিকট মনোনয়ন পত্র জমাদেন।

এসময় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগের কর্যনির্বাহী কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,পৌর কাউন্সিলর আশরাফুল হক বাবু,খাইরুল বাসার বাবলু,শেখ শাহনুর রহমান টিপু,হাবিবুর রহমান রুবেল।এছাড়াও তার সমর্থকদের মধ্যে আরো উপস্থিত ছিলেন সালে আক্রাম,শেখ রুবেল,জেলা ছাত্রলীগ নেতা ইমতিয়াজ নিপ্পন,ছাত্রলীগ

নেতা শাহরিয়র তপু,সাকিল আহমেদ,সাবাবির রহমান,মাসুম বিল্লাহ,মিঠু প্রমুখ।

আলমডাঙ্গায় ধান মাড়াই মেশিনের পাখার আঘাতে শিশুর মৃত্যু

আলমডাঙ্গায় ধান মাড়াই মেশিনের পাখার আঘাতে চার বছরের এক শিশু নিহত হয়েছে। নিহত শিশুর নাম আফিয়া জাহান। সে উপজেলার ডাউকি ইউনিয়নের বিনেতপুর কলোনিপাড়া এলাকার নুর মোহাম্মদ টিপুর মেয়ে।

আজ বুধবার দুপুরে আলমডাঙ্গা উপজেলার বিনেতপুর এলাকায় এই দুর্ঘটনা ঘটে। শিশুটি চিকিৎসাধীন অবস্থায় বিকেল সাড়ে ৪ টার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

স্থানীয়রা জানান, আজ বুধবার দুপুরে শিশু আফিয়া জাহান বাড়ির পাশে মুদি দোকানে খাদ্যসামগ্রী কিনতে যায়। এসময় বাড়ির সন্নিকটে রাস্তার পাশে শ্যালো ইঞ্জিন চালিত মেশিন দিয়ে ধান মাড়াইয়ের কাজ চলছিল। অজান্তে শিশুটি মেশিনের কাছে এলে পাখার আঘাতে রক্তাক্ত জখম হয়। পরিবারের লোকজন উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি ক্লিনিকে, পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেবার পথেই শিশুটির মৃত্যু হয়।

বিনেতপুর গ্রামের ইউপি সদস্য বদরউদ্দিন জানান, শিশু আফিয়া খেলার ছলে ধান মাড়াই মেশিনে কাছে যায়। মেশিনের পাখার আঘাতে গুরুত্বর আহত হলে কুষ্টিয়া নিলে চিকিৎসাধীন অবস্থায় শিশুর মৃত্যু হয়।

বিষয়টি নিশ্চিত করে কুষ্টিয়া সদর থানার ওসি সোহেল রানা জানান, শিশুটির লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। শিশুর পিতা বাদি হয়ে থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করেছে।

আলমডাঙ্গায় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মারমারি মামলায় গ্রেফতার

আলমডাঙ্গা পৌরসভার ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রেজাউল হক তবাকে একটি মারধরের মামলায় গ্রেফতার করেছে পুলিশ। আজ মঙ্গলবার দুপুরের তরে নিজ এলাকা থেকে পুলিশ তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত রেজাউল হক তবা পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে।

জানা গেছে,আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গতকাল সোমবার সন্ধ্যায় আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যোগে মতবিনিময় সভার আয়োজন করা ওই সভায় রেজাউল হক তবা বক্তব্য রাখছিলেন।

এ বক্তব্য অপত্তিকর দাবী করে তা বন্ধ করতে বলেন পৌর আওয়ামী লীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু। একপর্যায়ে দুজনের মধ্যে গালিগালি ও চেয়ার ছোড়াছুঁড়ি শুরু হয়। এসময় চেয়ারের আঘাতে পিন্টুর মাথায় রক্তাক্ত জখম হয়। উপস্থিত নেতা-কর্মীরা পিন্টুকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন।

গতকাল সোমবার রাতেই পৌর আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন। ওই মামলায় আজ মঙ্গলবার দুপুরে ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতিকে তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, সোমবার রাতে মারামারির ঘটনায় তোবারক হোসেন নামের এক আওয়ামী লীগ নেতাকে গ্রেপ্তার করা হয়। দুপুরে চুয়াডাঙ্গা আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় মোটরসাইকেলের ধাক্কায় কৃষক নিহত

আলমডাঙ্গায় রাস্তা পারাপারের সময় মোটরসাইকেলের ধাক্কায় আয়ুব আলী
(৬০) নামের একজন কৃষক নিহত হয়েছেন। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের জগন্নাথপুর এলাকায় এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলে তার মৃত্যু হয়েছে।

এ দুর্ঘটনায় আহত হয়েছেন মোটরসাইকেলচালক মাহবুব আলম (৩৮)। তিনি উপজেলার খাদেমপুর ইউনিয়নের বটিয়াপাড়া এলাকার আনিসুজ্জামানের ছেলে।

স্থানীয়–পুলিশ সূত্রে জানা যায়, মঙ্গলবার সকালে আয়ুব আলী মাঠে কৃষি কাজ করে বাড়ির উদ্দেশ্যে তিনি আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়ক পার হচ্ছিলেন। এ সময় আলমডাঙ্গা থেকে কুষ্টিয়ামুখী একটি মোটরসাইকেল তাঁকে ধাক্কা দেয়। এতে তিনি ও মোটরসাইকেলচালক সড়কের ওপর ছিটকে পড়েন। এ সময় কৃষক আয়ুব আলী ঘটনাস্থলে মারা যান। আশপাশের লোকজন মোটরসাইকেল চালককে উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। সুরতহাল রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। এ ঘটনায় আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের মতবিনিময় সভা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যা ৭ টার দিকে উপজেলা আওয়ামী লীগ কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন,সদস্য হাজী শাহ আলম, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক উপজেলা আওয়ামীলীগের সহ- সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, মাসুদ রানা তুহিন।

পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, পৌর আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ডা.অমল কুমার বিশ্বাস, সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা সাবেক দপ্তর সম্পাদক মাসুদ সালেহিন উৎপল, জাহাঙ্গীর আলম, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার শামিম, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা বাদশা, হাসান, সাকিব, অটল, রকি,প্রমুখ।সভায় বক্তাগন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জননেতা সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুনে নৌকা প্রতিকে ভোট দিয়ে পুনঃরায় নির্বাচিত করতে হবে।ছেলুন এমপি আমাদের পরিক্ষিত সৈনিক,যে দীর্ঘ ৫৫ বছরের অধিক আওয়ামীলীগের রাজনীতির সাথে জড়িত।আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগের সকল ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি জননেতা সোলায়মান হক জোয়ার্দারের সাথে আছে। আমরা ৭ জানুয়ারি জনগনের ম্যান্ডেট নিয়ে বিজয়ের হাসি হাসব।

ছেলুন জোয়ার্দ্দার নৌকার মাঝি হওয়াতে আলমডাঙ্গায় আনন্দ মিছিল-মিষ্টি বিতরণ

আসন্ন জাতীয় নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে আবারও নৌকার মনোনয়ন পেলেন জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন। মনোনয়ন প্রাপ্তির সংবাদে আলমডাঙ্গায় আনন্দ

মিছিল ও মিষ্টি বিতরণ করা হয়েছে।

গতকাল বিকেলে কেন্দ্রীয় আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের মনোনয়ন ঘোষনা করার পর পরই আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগ ও সহযোগি সংগঠনের নেতাকর্মিরা রাস্তায় নেমে আসেন। এ সময় নেতাকর্মিরা বাদ্য বাজিয়ে শহরে আনন্দ মিছিল বের করে। পরে মিষ্টি বিতরণ করা হয়।

আনন্দ মিছিলে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম খান, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, মাসুদ রানা তুহিন, আব্দুল মালেক, সাইফুর রহমান পিন্টু, পরিমল কুমার কালু ঘোষ, কামাল হোসেন, জাহাঙ্গির হোসেন, কাউন্সিলর মজিবুল হক, সৈকত খান, শাফায়েত ইসলাম, মহাসিন কামাল ,কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, হাসান, রকি, সাকিব, অটল প্রমুখ।

এছাড়াও কুমারী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আবু সাঈদ পিন্টু চেয়ারম্যানের নেতৃত্বে শহরে পৃথক আনন্দ মিছিল হয়েছে।

আলমডাঙ্গার পাইকপাড়ায় সংবাদ প্রকাশের পরই নিম্নমানের ইট-খোয়া অপসারণ

আলমডাঙ্গার পাইকপাড়ায় সড়কে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ’ শিরোনামে ‘দৈনিক মেহেরপুর প্রতিদিন’ পত্রিকায় সংবাদ প্রকাশের পরই অপসারণ করা হয়েছে ব্যবহৃত নিম্নমানের ইট। পূণরায় মানসম্মত ইটের ব্যবহার নিশ্চিতে কঠোর অবস্থান নেয় উপজেলা প্রকৌশলী (এলজিইডি)।

আজ রোববার সকালে তারা ঠিকাদারি প্রতিষ্ঠানকে চিঠির মাধ্যমে অপসারণের নির্দেশ দেন। নিম্নমানের ইট অপসারণ ও মানসম্মত ইটের ব্যবহার করায় খুশি স্থানীয়রা।

জানাগেছে, উপজেলা আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া টু পাইকপাড়া স্কুল পর্যন্ত প্রায় ১০ লাখ টাকা ব্যায়ে ১২০ মিটার নতুন সড়ক নির্মাণ করা চলছিল। ওই রাস্তায় নিম্নমানের ইট-খোয়া ব্যবহারের অভিযোগ তোলেন স্থানীয়রা। একপর্যায়ে সড়ক নির্মাণের কাজও তারা বন্ধ করে দেয়। এঘটনাটি উপজেলা প্রকৌশলীকে জানালে তারা দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়া সড়কের নিম্নমানের ইট অপসারণের নির্দেশ দেন।

এবিষয়ে উপজেলা প্রকৌশলী (এলজিইডির) কর্মকর্তা আব্দুর রশিদ জানান, সড়কে নিম্নমানের ইট-খোয়া ব্যবহারের কোন সুযোগ নেই। ঠিকাদারি প্রতিষ্ঠানকে চিঠির মাধ্যমে নিম্নমানের সামগ্রী অপসারণ করার নির্দেশে দেওয়া হয়।

আজ রোববার সকাল থেকে তারা ওই ইটগুলো অপসারণ পূর্বক নতুন মানসম্মত ইট ব্যবহার করে আবারো কাজ শুরু করে।